আত্মশুদ্ধি - ২২

মুসলমানদের ভ্রাতৃত্ব নষ্ট হওয়ার কারণ

মাওলানা সালেহ মাহমুদ হাফিজাহুল্লাহ

মুসলমানদের ভ্রাতৃত্ব নষ্ট হওয়ার কারণ

মাওলানা সালেহ মাহমুদ হাফিজাহুল্লাহ

সূচীপত্র

ঐক্য ও একতার গুরুত্ব ৫

ভ্রাতৃত্বের গুরুত্ব ৮

মুসলিমদের ভ্রাতৃত্ব নষ্ট হওয়ার কিছু কারণ ১০

এক: অন্যের কল্যাণকামীতার চিন্তা না করা ১০

দুই: গীবত ও মিথ্যা অপবাদের প্রচার-প্রসার করা ১৩

কোনো গীবতকারীকে আমরা প্রশ্রয় দিব না ১৮

তিন. অন্যের প্রতি কু-ধারণা পোষণ করা ১৮

ধারণার প্রকারভেদ ২১

১. সুধারণা ২১

২. কু-ধারণা ২১

৩. বৈধ ধারণা: ২১

সুধারণা পোষণের কিছু প্রক্রিয়া ২২

১. দো’আ করা: ২২

২. মুসলিম ভাইয়ের প্রতি সর্বাবস্থায় ভাল ধারণা করা: ২৩

৩. কথা শ্রবণের সাথে সাথে সেটাকে উত্তমভাবে গ্রহণ করা: .. ২৩

৪. অপরের ওজর-আপত্তি গ্রহণ করা:.................................২৪

৫. মানুষের অন্তঃস্থ নিয়তে হস্তক্ষেপ না করা:.......................২৪

৬. মন্দ ধারণার কুফল সম্পর্কে সর্বদা সজাগ থাকা: ২৫

চার. ভুল ও মিথ্যা সংবাদ প্রচার করা ৩২

মিডিয়ার মিথ্যাচার...৩৪

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ,

আলহামদুলিল্লাহি রব্বিল আলামীন, ওয়াস-সালাতু ওয়াস-সালামু আলা সাইয়্যেদিল আম্বিয়া-ই ওয়াল-মুরসালিন,ওয়া আলা আলিহী, ওয়া আসহাবিহী, ওয়ামান তাবিয়াহুম বি ইহসানিন ইলা ইয়াওমিদ্দীন, মিনাল উলামা ওয়াল মুজাহিদীন, ওয়া আম্মাতিল মুসলিমীন, আমীন ইয়া রাব্বাল আ'লামীন।

আম্মা বা'দ:

মুহতারাম ভাইয়েরা! আমরা সকলেই দুরূদ শরীফ পড়ে নেই-

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ، وَعَلٰى آلِ مُحَمَّدٍ،كما صَلَّيْتَ عَلٰى إِبْرَاهِيْمَ، وَعَلٰي آلِ إبراهيم، إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ، اَللّٰهُمَّ بَارِكْ عَلٰى مُحَمَّدٍ، وَعَلٰى آلِ مُحَمَّدٍ، كَمَا بَارَكْتَ عَلٰى إِبْرَاهِيْمَ، وَعَلٰى آلِ إِبْرَاهِيْمَ، إِنَّكَ حَمِيْدٌ مَجِيْدٌ.

প্রতি সপ্তাহের ন্যায় আজকে আবারও আমরা তাযকিয়া মজলিসে হাজির হতে পেরেছি, এই জন্য মহান আল্লাহ তা'আলার দরবারে শুকরিয়া আদায় করি- আলহামদুলিল্লাহ। আমাদের **আজকের আলোচনার বিষয় হচ্ছে: কি কি কারণে মুসলিমদের ভ্রাতৃত্ব নষ্ট হয়?**

ঐক্য ও একতার গুরুত্ব

পবিত্র কুরআনের আলোকে এ কথা স্পষ্ট বুঝা যায় যে, ঈমানের পর ঐক্য ও একতা মুসলিম জাতির উপর আল্লাহ তা'আলার সবচেয়ে বড় নিয়ামত। আর বিভেদ ও বিচ্ছিন্নতা সবচেয়ে বড় শাস্তি।

কুরআন আমাদেরকে বিভিন্ন দল-উপদলে বিভক্ত হতে নিষেধ করেছে। এক আল্লাহর রজ্জুকে দৃঢ়ভাবে আঁকড়ে ধরতে বলেছে।

আল্লাহ তা'আলা পবিত্র কুরআনে নিজ অনুগ্রহের কথা এভাবে বর্ণনা করেছেন-

وَاعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا ۚ وَاذْكُرُوا نِعْمَتَ اللَّهِ عَلَيْكُمْ إِذْ كُنتُمْ أَعْدَاءً فَأَلَّفَ بَيْنَ قُلُوبِكُمْ فَأَصْبَحْتُم بِنِعْمَتِهِ إِخْوَانًا وَكُنتُمْ عَلَىٰ شَفَا حُفْرَةٍ مِّنَ النَّارِ فَأَنقَذَكُم مِّنْهَا ۗ كَذَٰلِكَ يُبَيِّنُ اللَّهُ لَكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَهْتَدُونَ ﴿١٠٣﴾

অর্থ: আল্লাহর রশিকে দৃঢ়ভাবে ধরে রাখ। এবং বিভেদ করো না। আল্লাহ তোমাদের প্রতি যে অনুগ্রহ করেছেন তা স্মরণ রাখ যখন তোমরা একে অন্যের শত্রু ছিলে। অতঃপর আল্লাহ তোমাদের অন্তরসমূহ জুড়ে দিলেন। ফলে তার অনুগ্রহে তোমরা ভাই ভাই হয়ে গেলে। তোমরা অগ্নিকুণ্ডের দ্বার প্রান্তে ছিলে। আল্লাহ তোমাদেরকে সেখান থেকে মুক্তি দিলেন। -(সূরা আল-ইমরান ৩: ১০৩)

পবিত্র কুরআনে আদেশ করা হয়েছে, আমরা যেন বিভেদ সৃষ্টি না করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আনুগত্য করি।

নতুবা আমাদের শক্তি নিঃশেষ হয়ে যাবে এবং প্রভাব-প্রতিপত্তি হারিয়ে আমরা শত্রুদের হাতে লাঞ্ছিত হব। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে-

وَأَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ وَلَا تَنَازَعُوا فَتَفْشَلُوا وَتَذْهَبَ رِيحُكُمْ ۖ وَاصْبِرُوا ۚ إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ ﴿٤٦﴾

অর্থ: তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য কর এবং পরস্পর কলহ করো না। অন্যথায় তোমরা দুর্বল হয়ে পড়বে এবং তোমাদের প্রভাব বিলুপ্ত হবে। আর ধৈর্য ধারণ করবে। নিশ্চয় আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন। -(আল আনফাল ৮: ৪৬)

পবিত্র কুরআনে পারস্পরিক মতভেদ দূর করার উপায়ও বলে দেওয়া হয়েছে। কুরআন আমাদেরকে বলে, কোনো বিষয়ে মতভেদ হলে তোমরা সমস্যা সমাধানের জন্য তা আল্লাহ ও তাঁর রাসূলের আদালতে পেশ কর। এরপর কুরআন-সুন্নাহ মোতাবেক যে ফায়সালা আসে তা সন্তুষ্টচিত্তে মেনে নাও । পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنكُمْ ۖ فَإِن تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِن كُنتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۚ ذَٰلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا ﴿٥٩﴾

অর্থ: হে মুমিনগণ তোমরা আনুগত্য কর আল্লাহর, তাঁর রাসূলের এবং তোমাদের মধ্যে যারা এখতিয়ারধারী তাদের। অতঃপর তোমাদের মধ্যে যদি কোনো বিষয়ে বিরোধ দেখা দেয় তাহলে তোমরা আল্লাহ ও পরকালে সত্যিকারে বিশ্বাসী হয়ে থাকলে সে বিষয়কে আল্লাহ ও তাঁর রাসূলের উপর ন্যস্ত কর। এটাই উৎকৃষ্টতর পন্থা এবং এর পরিণামও সর্বাপেক্ষা শুভ। -(সূরা নিসা ৪: ৫৯)

আরো ইরশাদ হয়েছে-

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا ﴿٦٥﴾

অর্থ: (হে নবী) তোমার প্রতিপালকের শপথ! তারা ততক্ষণ পর্যন্ত মুমিন হতে পারবে না, যতক্ষণ না নিজেদের পারস্পরিক ঝগড়া-বিবাদের ক্ষেত্রে তোমাকে বিচারক মানে, তারপর তুমি যে রায় দাও সে ব্যাপারে নিজেদের অন্তরে কোনোরূপ কুণ্ঠাবোধ না করে এবং অবনত মস্তকে তা গ্রহণ করে নেয়। -(সূরা নিসা ৪: ৬৫)

দুই মুসলমানের মাঝে ব্যক্তিগত কোনো বিষয়ে মনোমালিন্য হলে ইনসাফ ও তাকওয়ার ভিত্তিতে তাদের মাঝে সন্ধি স্থাপন করে দেয়াটাই অন্যদের প্রতি কুরআনের নির্দেশ। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে-

إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ فَأَصْلِحُوا بَيْنَ أَخَوَيْكُمْ ۚ وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ ﴿١٠﴾

অর্থ: প্রকৃতপক্ষে সমস্ত মুসলিম ভাই ভাই। সুতরাং তোমরা তোমাদের দু ভাইয়ের মধ্যে মীমাংসা করে দাও। আল্লাহকে ভয় কর, যাতে তোমাদের প্রতি রহমতের আচরণ করা হয়। -(সূরা হুজুরাত ৪৯: ১০)

আল্লাহ না করুন, এ বিভেদ যদি যুদ্ধের রূপ নেয় এবং মুসলমানরা দুই দলে বিভক্ত হয়ে পড়ে, তখন কুরআন আমাদেরকে বলে যে, রং ও বর্ণ, দেশ ও

জাতীয়তা এবং গোত্র ও আত্মীয়তার সম্পর্কের ঊর্ধ্বে উঠে চিন্তা কর যে, এদের মধ্যে হক ও সত্যের পথে কে আছে? আর কে সীমালঙ্ঘন করছে?

যে পক্ষ সীমালঙ্ঘন করবে তাদেরকে সামাজিকভাবে বয়কট করা আবশ্যক। এবং সীমালঙ্ঘন ছেড়ে আল্লাহর হুকুম মেনে না নেওয়া পর্যন্ত তাদের সাথে কোনো ধরনের সন্ধি করতে কুরআনে স্পষ্ট নিষেধ করা হয়েছে। আল্লাহ তা'আলা বলেন-

وَإِن طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِينَ اقْتَتَلُوا فَأَصْلِحُوا بَيْنَهُمَا ۖ فَإِن بَغَتْ إِحْدَاهُمَا عَلَى الْأُخْرَىٰ فَقَاتِلُوا الَّتِي تَبْغِي حَتَّىٰ تَفِيءَ إِلَىٰ أَمْرِ اللَّهِ ۚ فَإِن فَاءَتْ فَأَصْلِحُوا بَيْنَهُمَا بِالْعَدْلِ وَأَقْسِطُوا ۖ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ﴿٩﴾

অর্থ: মুসলিমদের দুটি দল আত্মকলহে লিপ্ত হলে তাদের মধ্যে মীমাংসা করে দিও। অতঃপর তাদের একটি দল যদি অন্য দলের উপর বাড়াবাড়ি করে, তবে যে দল বাড়াবাড়ি করছে তার বিরুদ্ধে যুদ্ধ কর, যাবত না সে আল্লাহর হুকুমের দিকে ফিরে আসে। সুতরাং যদি ফিরে আসে তবে তাদের মাঝে ন্যায়সঙ্গত ভাবে মীমাংসা করে দিও। এবং (প্রতিটি বিষয়ে) ইনসাফ কর। নিশ্চয়ই আল্লাহ ইনসাফকারীদের ভালোবাসেন। -(সূরা হুজুরাত ৪৯: ৯)

ভ্রাতৃত্বের গুরুত্ব

ভ্রাতৃত্বের গুরুত্ব সম্পর্কে অনেকগুলো হাদিস বর্ণিত হয়েছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

مَثَلُ الْمُؤْمِنِينَ فِي تَوَادِّهِمْ وَتَرَاحُمِهِمْ وَتَعَاطُفِهِمْ مَثَلُ الْجَسَدِ إِذَا اشْتَكَى مِنْهُ عُضْوٌ تَدَاعَى لَهُ سَائِرُ الْجَسَدِ بِالسَّهَرِ وَالْحُمَّى

হাদিসের মর্ম: 'পারস্পরিক ভালোবাসা, দয়া, অনুগ্রহ, মায়া-মমতার দৃষ্টিকোণ থেকে তুমি মুমিনদের দেখবে একটি দেহের মতো। যদি দেহের কোনো একটি অংশ আহত হয়ে পড়ে তবে অন্যান্য অংশও তা অনুভব করে। ' (মুসলিম-৬৪৮০)

সুতরাং শান্তি প্রতিষ্ঠায় ভ্রাতৃত্বের বন্ধন এবং মুসলিম উম্মাহর ঐক্যের বিকল্প নেই। মুমিন মুসলমান যখনই ঐক্যবদ্ধ জীবন থেকে সরে দাঁড়ায়, তখনই শয়তান সে স্থান দখল করে। তাই তো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন-

عَلَيْكُمْ بِالْجَمَاعَةِ وَإِيَّاكُمْ وَالْفُرْقَةَ فَإِنَّ الشَّيْطَانَ مَعَ الْوَاحِدِ وَهُوَ مِنَ الاِثْنَيْنِ أَبْعَدُ مَنْ أَرَادَ بُحْبُوحَةَ الْجَنَّةِ فَلْيَلْزَمِ الْجَمَاعَةَ

তোমরা ঐক্যবদ্ধ হয়ে বসবাস কর। বিচ্ছিন্নতা হতে সাবধান থেকো। কেননা, শয়তান বিচ্ছিন্নজনের সাথে থাকে এবং সে দুজন হতে অনেক দুরে অবস্থান করে। যে লোক জান্নাতের মধ্যে সবচাইতে উত্তম জায়গার ইচ্ছা পোষণ করে সে যেন ঐক্যবদ্ধ হয়ে থাকে (মুসলিম সমাজে)। হাদিসের মান: সহীহ (তিরমিজি: হাদিস নং ২১৬৫)

তিনি আরও বলেছেন,

إِنَّ الْمُؤْمِنَ لِلْمُؤْمِنِ كَالْبُنْيَانِ، يَشُدُّ بَعْضُهُ بَعْضًا ". وَشَبَّكَ أَصَابِعَهُ

হাদিসের মর্ম: ‘মুমিনগণ অপর মুমিনের জন্য একটি প্রাচীরের মতো, যার এক অংশ অপর অংশকে মজবুত করে। এরপর তিনি এক হাতের আঙুল অপর হাতের আঙুলে প্রবেশ করান। ’ (বুখারী-৪৮১)

মুমিন মুসলমানের ভ্রাতৃত্ব প্রতিষ্ঠায় নেতৃত্বহীন থাকা অকল্যাণকর। তা থেকে সতর্ক থাকতে হাদিসে এসেছে-

إِذَا كَانَ ثَلاَثَةٌ فِي سَفَرٍ فَلْيُؤَمِّرُوا أَحَدَهُمْ

হযরত আবু হুরায়রা রা. বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, ‘তিনজন লোকও যদি কোনো সফরে থাকে। তবে একজনকে যেন আমির বা দলনেতা সাব্যস্ত করে। হাদিসের মান: হাসান, সহীহ ’(আবুদাঊদ হাদিস নং ২৬০৯)

এ সবের উদ্দেশ্য একটাই - পরিবার, সমাজ ও রাষ্ট্রে ভ্রাতৃত্বের বন্ধন তৈরি করা। যার ফলে গড়ে উঠবে শান্তিপূর্ণ ইসলামি সমাজ। মনে রাখতে হবে হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত সেই বিখ্যাত হাদিসটি। যাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বর্ণনা করেছেন,

مَنْ فَارَقَ الْجَمَاعَةَ شِبْرًا فَمَاتَ إِلاَّ مَاتَ مِيتَةً جَاهِلِيَّةً

‘যে ব্যক্তি সংঘবদ্ধ থেকে এক বিঘতও বিচ্ছিন্ন হয়ে মৃত্যুবরণ করবে তার মৃত্যু হবে জাহিলিয়াতের মৃত্যু (নাউজুবিল্লাহ)। (বুখারী হাদিস নং ৭০৫৪)

আল্লাহ তা’আলা মুসলিম উম্মাহকে ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ থাকার তাওফিক দান করুন। আমিন। এবার আসুন ভ্রাতৃত্ব নষ্টের দ্বিতীয় কারণটি নিয়ে আলোচনা করা যাক।

মুসলিমদের ভ্রাতৃত্ব নষ্ট হওয়ার কিছু কারণ

শয়তান যে সকল কূটকৌশল ব্যবহার করে মুসলমানদের মাঝে বিভেদ সৃষ্টি করে এবং তাদের ভ্রাতৃত্ব নষ্ট করে দেয়, পবিত্র কুরআনে সেগুলো চিহ্নিত করা হয়েছে। এখন আপনাদের সামনে পারস্পরিক বিভেদ সৃষ্টি ও ভ্রাতৃত্ব নষ্টের কিছু কারণ উল্লেখ করছি। কারণগুলো হচ্ছে:

এক: অন্যের কল্যাণকামীতার চিন্তা না করা।

দুই: গীবত ও মিথ্যা অপবাদের প্রচার-প্রসার করা।

তিন: অন্যের প্রতি কু-ধারণা পোষণ করা।

চার: চতুর্থ বিষয় ভুল ও মিথ্যা সংবাদ প্রচার করা।

এক: অন্যের কল্যাণকামীতার চিন্তা না করা

মুসলমানদের মনে পরোপকারিতা, অন্যের কল্যাণকামীতা ও মুসলিম ভ্রাতৃত্ববোধের চেতনা দুর্বল হয়ে পড়া এবং আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য থেকে মুখ ফিরিয়ে নেওয়া পারস্পরিক ঝগড়া-বিবাদের অন্যতম কারণ। ইসলামের মাহাত্ম্য ও মর্যাদা হৃদয়ে না থাকলে মুসলিম ভ্রাতৃত্ববোধ ও ইসলামী ঐক্যের গুরুত্ব মনে না থাকাই স্বাভাবিক। তখন বিভিন্ন দলে বিভক্ত হওয়াকে আর দোষের কিছু মনে হয় না।

ভ্রাতৃত্বের বন্ধন শান্তি প্রতিষ্ঠার অন্যতম এক উপায়। হাদিসের আলোকে আমরা জানি যে, ‘এক দেহ-এক প্রাণ’ চেতনায় বিশ্বাসী পুরো মুসলিম মিল্লাত। ইসলামের অপরিহার্য বিধান উপেক্ষা করার কারণেই মুসলিম মিল্লাত আজ বিভক্ত। পরস্পর হিংসা-বিদ্বেষ, নিন্দাবাদের ঘৃণ্য কাঁদা ছোড়াছুড়িতে লিপ্ত মানবতা। ফলে মুসলিম

বিশ্বে অশান্তির আগুন জ্বলছে। এ থেকে মুক্তির একমাত্র পথ হচ্ছে পারস্পরিক ভ্রাতৃত্বের বন্ধন জোরদার করা।

কুরআন-সুন্নায়ও ভ্রাতৃত্বের বন্ধন জোরদারের নির্দেশ এসেছে । পবিত্র কোরআনে একত্ববাদে বিশ্বাসী মুমিনদের ঐক্যবদ্ধ হওয়ার তাগিদ দেয়া হয়েছে। আল্লাহ তা’আলা বলেন,

وَلَا تَكُونُوا كَالَّذِينَ تَفَرَّقُوا وَاخْتَلَفُوا مِن بَعْدِ مَا جَاءَهُمُ الْبَيِّنَاتُ ۚ وَأُولَٰئِكَ لَهُمْ عَذَابٌ عَظِيمٌ ﴿١٠٥﴾

অর্থ: “তোমরা সেই সব লোকদের মতো হইও না, যাদের কাছে স্পষ্ট ও প্রকাশ্য নিদর্শন আসার পরও তারা বিভিন্ন দল-উপদলে বিভক্ত হয়ে পড়েছে এবং নানা ধরনের মতানৈক্য সৃষ্টি করেছে, তাদের জন্য রয়েছে কঠোর শাস্তি। ” (সূরা আল-ইমরান: আয়াত ৩; ১০৫)

যারা ঐক্যবদ্ধ হয়ে থাকে তাদের প্রতি আল্লাহর ভালোবাসার কথা এভাবে ওঠে এসেছে যে, আল্লাহ তা’আলা বলেন:

إِنَّ اللَّهَ يُحِبُّ الَّذِينَ يُقَاتِلُونَ فِي سَبِيلِهِ صَفًّا كَأَنَّهُم بُنْيَانٌ مَّرْصُوصٌ ﴿٤﴾

অর্থাৎ: ‘নিশ্চয়ই (আমি) আল্লাহ তাদেরকে বেশি ভালোবাসি যারা আল্লাহর রাস্তায় এমনভাবে সারিবদ্ধ হয়ে লড়াই করে, ঠিক যেন সীসাঢালা এক সুদৃঢ় প্রাচীর।’ (সূরা সফ: আয়াত ৬১)

প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

‘মুমিনগণ একজন মানুষের মতো, যার চোখ আক্রান্ত হলে সমস্ত শরীর আক্রান্ত হয় আর মাথা আক্রান্ত হলে সমস্ত শরীর আহত হয়।’ (মুসলিম)

অন্য হাদিসে মুসলিমদের ঐক্যবদ্ধভাবে জীবনযাপনে কিছু নির্দেশ দিয়েছেন। হাদিসে এসেছে-

عَنِ الْحَارِثِ الْأَشْعَرِيِّ رضي الله عنه ، أَنَّ نَبِيَّ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ

وأَنَا آمُرُكُمْ بِخَمْسٍ اللهُ أَمَرَنِي بِهِنَّ : آمركم بِالْجَمَاعَةِ ، وَالسَّمْعِ ، وَالطَّاعَةِ ، وَالْهِجْرَةِ ، وَالْجِهَادِ فِي سَبِيلِ اللهِ

قَالَ أَبُو عِيسَى(الترمذي): هَذَا حَدِيثٌ حَسَنٌ . (وصححه الألباني(

হাদিসের মর্ম: হযরত হারিস আল আশআরি রা. বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, ‘আমি তোমাদেরকে পাঁচটি বিষয়ের নির্দেশ দিচ্ছি, স্বয়ং রব আমাকে এগুলোর নির্দেশ দিয়েছেন। বিষয়গুলো হচ্ছে-

১. জামাআ’ত বদ্ধ হওয়া,

২. আমিরের নির্দেশ শোনা,

৩. আমিরের নির্দেশ মেনে চলা,

৪. হিজরত করা,

৫. আল্লাহর রাস্তায় জিহাদ করা।

এটি একটি লম্বা হাদিস যার পরের অংশে আছে –

فَإِنَّهُ مَنْ فَارَقَ الْجَمَاعَةَ قِيدَ شِبْرٍفَقَدْ خَلَعَ رِبْقَةَ الْإِسْلَامِ مِنْ عُنُقِهِ, فَقَالَ رَجُلٌ: يَا رَسُولَ اللَّهِ وَإِنْ صَلَّى وَصَامَ؟ قَالَ: وَإِنْ صَلَّى وَصَامَ, فَادْعُوا بِدَعْوَى اللَّهِ الَّذِي سَمَّاكُمْ الْمُسْلِمِينَ الْمُؤْمِنِينَ عِبَادَ اللَّهِ

“যে ব্যক্তি জামাআ’ত বা সংঘবদ্ধতা ত্যাগ করে এক বিঘৎ পরিমাণ দূরে সরে যায়, সে নিজের গর্দান থেকে ইসলামের রশি খুলে নেয়”। সাহাবারা জিজ্ঞাসা করলেন, ‘হে আল্লাহর রাসূল! নামাজ প্রতিষ্ঠা এবং সাওম পালন করা সত্ত্বেও? উত্তরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, নামাজ কায়েম করা এবং রোজা পালন করা ও মুসলমান বলে দাবি করা সত্ত্বেও। '” (তিরমিজি)

দুই: গীবত ও মিথ্যা অপবাদের প্রচার-প্রসার করা

কুরআনের দৃষ্টিতে গীবত মৃত ভাইয়ের গোশত খাওয়ার নামান্তর। আল্লাহ তা'আলা বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اجْتَنِبُوا كَثِيرًا مِّنَ الظَّنِّ إِنَّ بَعْضَ الظَّنِّ إِثْمٌ ۖ وَلَا تَجَسَّسُوا وَلَا يَغْتَب بَّعْضُكُم بَعْضًا ۚ أَيُحِبُّ أَحَدُكُمْ أَن يَأْكُلَ لَحْمَ أَخِيهِ مَيْتًا فَكَرِهْتُمُوهُ ۚ وَاتَّقُوا اللَّهَ ۚ إِنَّ اللَّهَ تَوَّابٌ رَّحِيمٌ ﴿١٢﴾

অর্থ: "হে মুমিনগণ! তোমরা অনেক ধারণা থেকে বেঁচে থাক। নিশ্চয় কতক ধারণা গোনাহ। এবং (কারো) গোপনীয় বিষয় সন্ধান করো না। তোমাদের কেউ যেন কারও পশ্চাতে নিন্দা না করে। তোমাদের কেউ কি তার মৃত ভ্রাতার মাংস ভক্ষণ করা পছন্দ করবে? বস্তুতঃ তোমরা তো একে ঘৃণাই কর। আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ তওবা কবুলকারী, পরম দয়ালু"। [সূরা হুজুরাত ৪৯:১২]

গীবত এত সূক্ষ্ম গুনাহ যে, কোনো কোনো পরহেজগার ব্যক্তিও এ গুনাহে জড়িয়ে পড়ে। তখন এটা গুনাহ হওয়ার বিষয় তাদের মনে জাগ্রত থাকে না । কারণ অন্যের দোষ বর্ণনা করার মধ্যে মন এক ধরনের মিথ্যা আনন্দ খুঁজে পায়। তাই মধু মনে করে এ বিষ পান করতে থাকে। হযরত আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

أَتَدْرُونَ مَا الْغِيبَةُ؟ قَالُوا اللهُ وَرَسُولُهُ أَعْلَمُ. قَالَ : ذِكْرُكَ أَخَاكَ بِمَا يَكْرَهُ. قِيلَ أَفَرَأَيْتَ إِنْ كَانَ فِي أَخِي مَا أَقُولُ؟ قَالَ : إِنْ كَانَ فِيْهِ مَا تَقُولُ فَقَدِ اغْتَبْتَهُ وَإِنْ لَمْ يَكُنْ فِيْهِ فَقَدْ بَهَتَّهُ–

অর্থ: "গীবত কী তা কি তোমরা জান?" লোকেরা উত্তরে বলল, আল্লাহ ও তাঁর রাসূলই ভাল জানেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "গীবত হলো তোমার ভাইয়ের সম্পর্কে এমন কথা বলা যা সে অপছন্দ করে। " জিজ্ঞাসা করা হলো, "আমি যা বলি তা যদি আমার ভাইয়ের মধ্যে থাকে তবে এটাও কি গীবত হবে?" রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "তুমি যা বল তা যদি তার মধ্যে বিদ্যমান থাকে তাহলেই সেটা হবে গীবত আর তুমি যা বল তা

যদি তার মধ্যে না থাকে তবে সেটা হবে বুহতান বা মিথ্যা অপবাদ। ”(মুসলিম; মিশকাত হা/৪৮২৮)।

সুতরাং মানুষের মধ্যে যে দোষ আছে এবং যার চর্চা সে অপছন্দ করে তা আলোচনা করাই গীবত। চাই সে দোষ তার শরীর সংক্রান্ত হউক কিংবা দ্বীন ও চরিত্র বিষয়ক হউক কিংবা আকার-আকৃতি বিষয়ক হউক। গীবত করার আঙ্গিক বা ধরনও নানারকম রয়েছে। যেমন ব্যক্তির দোষ আলোচনা করা, বিদ্রূপাত্মক ভঙ্গিতে তার কর্মকাণ্ড তুলে ধরা ইত্যাদি।

উক্ত হাদিসটিতে নবীয়ে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অত্যন্ত সংক্ষিপ্ত পরিসরে ও স্পষ্ট ভাষায় গীবতের বর্ণনা দিয়েছেন

এবং গীবত করা কতখানি ঘৃণ্য একটি ব্যাপার উম্মতের বুঝবার জন্য তা সুন্দরভাবে তুলে ধরেছেন। গীবত হচ্ছে কোনো ব্যক্তির অনুপস্থিতিতে তার দোষ অন্যের নিকট বলা- যদিও সকলেই জানে যে সেই ব্যক্তি আসলেই দোষী। মোটকথা, একজন দোষী ব্যক্তির প্রমাণিত দোষ সম্পর্কে তার অনুপস্থিতিতে অন্যের নিকটে বলাবলি করাই গীবত। কেউ একজন একটা দোষ করেছে যা সকলেই জানে তারপরও বিনা কারণে শুধুই কিছুটা মজা কিম্বা ঠাট্টা করার জন্য দোষী ব্যক্তির অনুপস্থিতিতে তার দোষ সম্পর্কে বলাবলি করা গীবত।

চিন্তা করে দেখুন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন যে, কোনো ব্যক্তি যদি প্রমাণিত ভাবে দোষী হয় তবুও কেবল তার দোষ সম্পর্কে তার অনুপস্থিতিতে অন্যকে বললে তা হবে গীবত। আর যদি তার দোষ ইতিমধ্যে প্রমাণিত হয়ে না থাকে অথবা সত্যিকার অর্থে যদি ঐ ব্যক্তি দোষী না হয়ে থাকে তবে তার দোষ সম্পর্কে বলা হবে মিথ্যা অপবাদ দেয়া যা গীবতের চেয়েও ঘৃণ্য এবং গীবতের চাইতেও কঠিন গুনাহের কাজ। আল্লাহ পাকের নিকটে গীবত বড়ই কদর্য ও খারাপ কাজ হওয়া সত্ত্বেও মানুষ গীবতের ব্যাপারে খুবই উদাসীনতা দেখিয়ে থাকে। এজন্য গীবতের ভয়াবহতা প্রসঙ্গে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

اَلرِّبَا اثْنَانِ وَسَبْعُونَ بَابًا أَدْنَاهَا مِثْلُ إِتْيَانِ الرَّجُلِ أُمَّهُ وَأَرْبَا الرِّبَا اسْتِطَالَةُ الرَّجُلِ فِيْ عِرْضِ أَخِيهِ–

অর্থ: ‘সূদের (পাপের) ৭২টি দরজা বা স্তর রয়েছে। তন্মধ্যে নিম্নতম স্তর হচ্ছে স্বীয় মায়ের সাথে ব্যভিচারে লিপ্ত হওয়া তুল্য পাপ এবং ঊর্ধ্বতম স্তর হ’ল কোন ব্যক্তি কর্তৃক তার এক ভাইয়ের মান-সম্ভ্রমের হানি ঘটানো তুল্য পাপ’। (তাবারাণী; সিলসিলা ছহীহাহ হা/১৮৭১)।

যে মজলিসে কারও গীবত করা হয় সেখানে যে ব্যক্তিই উপস্থিত থাকুক তাকে তা নিষেধ করা ওয়াজিব। যে ভাইয়ের গীবত করা হয় তার পক্ষ নিয়ে সাধ্যমত তাকে সহযোগিতা করাও আবশ্যক। সম্ভব হলে ঐ মজলিসেই গীবতের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে। এটা কেন করব? দেখুন হাদিসে কি বলেছেন । নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

مَنْ رَدَّ عَنْ عِرْضِ أَخِيهِ رَدَّ اللهُ عَنْ وَجْهِهِ النَّارَيَوْمَ الْقِيَامَةِ–

‘যে ব্যক্তি তার ভাইয়ের মান-সম্ভ্রমের বিরুদ্ধে কৃত হামলাকে প্রতিহত করবে, কিয়ামতের দিন আল্লাহ তা‘আলা তার থেকে জাহান্নামের আগুনকে প্রতিহত করবেন’। (আহমাদ হা/২৭৫৮৩; তিরমিজি হা/১৯৩১)।

আমাদের সমাজে হয়ত বিবেক বিবেচনা সম্পন্ন কোনো ভদ্রলোক সাধারণতঃ বুহতান বা মিথ্যা অপবাদ দেয়ার কাজটি করেন না। তবে আমাদের দৈনন্দিন চলাফেরা, উঠা-বসা ও কথাবার্তায় অসাবধানতা বশতঃ গীবতের মত ঘৃণ্য অপরাধটি আমাদের অনেকের দ্বারা প্রায়ই সংঘটিত হয়ে থাকে। তাই গীবতের গুনাহ থেকে হেফাজত থাকতে হলে আমাদেরকে প্রথমেই গীবতের সংজ্ঞাটি ভালো ভাবে বুঝে নিতে হবে। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কতই না সুন্দরভাবে ও পরিষ্কার বর্ণনায় গীবতের সংজ্ঞা দিয়েছেন। তা বুঝা আমাদের জন্য কঠিন কোনো বিষয় না।

আসল কথা হচ্ছে আমরা এসব বিষয় নিয়ে ভাবতে চাই না। অথচ সৃষ্টিকুলের সেরা প্রাণী হিসেবে আমাদের এ বোধটি থাকা উচিত যে, একজন মানুষ তার মানবিক দুর্বলতা থেকে এক মুহূর্তের প্ররোচনায় কোনো দোষ করে থাকতেই পারে। আমার মধ্যে যে ঐ ধরনের মানবিক দুর্বলতা নেই তা নয়। হতে পারে আমিও ঐরকম পরিস্থিতিতে পড়লে ঐ একই রকমের দোষ করে ফেলতে পারতাম। তাই আমি যখন অন্যের নিকট কোনো দোষী ব্যক্তির দোষ অকারণে বলি বা শুনি তখন

আমার লজ্জা পাওয়া উচিত। গীবত বলা বা শোনার ব্যাপারে এই প্রকারের লজ্জাবোধ যার আছে কেবল সে-ই হচ্ছে প্রকৃত মুসলমান এবং সত্যিকারের ঈমানদার। গীবত সংক্রান্ত আয়াতটি আবার একটু খেয়াল করি ।

আল্লাহ্ তা'আলা বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اجْتَنِبُوا كَثِيرًا مِّنَ الظَّنِّ إِنَّ بَعْضَ الظَّنِّ إِثْمٌ ۖ وَلَا تَجَسَّسُوا وَلَا يَغْتَب بَّعْضُكُم بَعْضًا ۚ أَيُحِبُّ أَحَدُكُمْ أَن يَأْكُلَ لَحْمَ أَخِيهِ مَيْتًا فَكَرِهْتُمُوهُ ۚ وَاتَّقُوا اللَّهَ ۚ إِنَّ اللَّهَ تَوَّابٌ رَّحِيمٌ ﴿١٢﴾

অর্থ: "হে মুমিনগণ! তোমরা অনেক ধারণা থেকে বেঁচে থাক। নিশ্চয় কতক ধারণা গোনাহ। এবং (কারো) গোপনীয় বিষয় সন্ধান করো না। তোমাদের কেউ যেন কারও পশ্চাতে নিন্দা না করে। তোমাদের কেউ কি তার মৃত ভ্রাতার মাংস ভক্ষণ করা পছন্দ করবে? বস্তুতঃ তোমরা তো একে ঘৃণাই কর। আল্লাহ্কে ভয় কর। নিশ্চয় আল্লাহ্ তওবা কবুলকারী, পরম দয়ালু"। [সূরা হুজুরাত ৪৯:১২]

গীবত কতখানি ন্যক্কারজনক একটি ব্যাপার তা বুঝতে আমরা এই আয়তের দিকে মনোযোগ দেই। এখানে আল্লাহ্ রাব্বুল ইজ্জত গীবত করাকে মৃত ভাইয়ের গোশত খাওয়ার সঙ্গে তুলনা করেছেন। লক্ষ্য করুন, এখানে আল্লাহ্ তা'আলা গীবতের ব্যাপারে কত শক্তিশালী ও পরিষ্কার তুলনা দিয়েছেন বান্দার বুঝবার জন্য।

আদম সন্তান পরস্পর ভাই-ভাই। রক্তের সম্পর্কে না হোক আচার-আচরণ ও প্রকৃতিগত দিক থেকে সকল মানুষ একই মৌলিক বৈশিষ্ট্যের অধিকারী। লোভ, ঘৃণা, হিংসা, সুবিধাবাদীতা ইত্যাদি মৌলিক প্রবণতা সব মানুষের মধ্যেই কম-বেশি রয়েছে। সেই হিসেবে সব মানুষই ভাই-ভাই। দোষী ব্যক্তি যেরকম রক্তমাংসের তৈরি মানুষ, গীবতকারীও তেমনই রক্তমাংসের তৈরি মানুষ। মুহূর্তের দুর্বলতায়, পরিবেশ পরিস্থিতির প্রভাবে, শয়তানের প্ররোচনায় যে কেউ কোনো একটি অপরাধ করে থাকতে পারে। ঐরকম অবস্থায় পড়লে কিংবা ঐরকম সুযোগ পেলে গীবতকারীও যে সেই অপরাধটি করত না তার কোনো গ্যারান্টি নেই। তাই স্বভাবগত দিক থেকে অপরাধকারী আর গীবতকারী একই বৈশিষ্ট্যের অধিকারী। স্বভাবগতভাবে তারা ভাই-ভাই। তাই কেউ একজন যখন অন্য একজন অনুপস্থিত দোষী ভাইয়ের নামে গীবত করে তখন সে তার মৃত ভাইয়ের গোশত খায় বটে।

এখানেও আল্লাহ তা’আলার তুলনাটা কত সুন্দর ও শক্তিশালী হয়ে উঠেছে লক্ষ্য করুন। এখানে “মৃত” বলতে “অনুপস্থিত” বুঝাচ্ছে।

একজন “মৃত” ব্যক্তির শরীর থেকে গোশত খুলে নিলেও মৃতব্যক্তি যেমন কোনো প্রতিবাদ করতে বা বাধা দিতে পারে না তেমনি একজন “অনুপস্থিত” ব্যক্তির নামে হাজারটা সত্য/মিথ্যা দোষের কথা বর্ণনা করে গেলেও অনুপস্থিত থাকার কারণে সে ঐসব কথার কোনো প্রতিবাদ করতে পারে না কিংবা নিজের স্বপক্ষে বক্তব্য দিতে পারে না। অথচ ঐ একই কথা তার সাক্ষাতে বলা হলে সে নিশ্চয়ই আত্মপক্ষ সমর্থন করে কিছু না কিছু বলতে চাইত।

তাছাড়া দোষী ব্যক্তির দোষ তার সাক্ষাতে বলাই সভ্য জগতের নিয়ম। সে কারণেই সভ্য সমাজের ইসলামী আদালতে দোষী ব্যক্তির বিচার চলাকালে কেবলমাত্র আসামীর উপস্থিতিতেই মামলার শুনানি বা আসামীর দোষ পর্যালোচনা করা হয়ে থাকে।

ইসলামী খেলাফতের একটা বৈশিষ্ট্য হচ্ছে সেখানে কোনো আদালতের ভাগ নেই। অর্থাৎ উচ্চ আদালত, নিম্ন আদালত এমন কোন ভাগ নেই। কুফরি আদালতে এ ধরণের ভাগ হয়ে থাকে। কারণ তাদের আদালতের বিচারকগণ সাধারণত দুর্নীতিবাজ ও ঘুষখোর হয়ে থাকে। যার কারণে নিম্ন আদালতে একটা রায় হলে সেটা অযৌক্তিক সাব্যস্ত করে উচ্চ আদালতে আপিল করার সুযোগ থাকে। কিন্তু ইসলামী আদালতে বিচারক হবে যোগ্য রায়ও হবে একবার, আপিলের কোনো সুযোগ নেই।

বর্ণিত আয়াতটিতে আরও অগ্রসর হয়ে গীবত করাকে “মৃত” “ভাইয়ের” গোশত “খাওয়া বা ভক্ষণ করা”র সঙ্গে তুলনা করা হয়েছে। এ আয়াতের শেষাংশে আল্লাহ তা’আলা কতই না দরদী এক অভিভাবকের মত তাঁর অবুঝ বান্দাদেরকে মৃদু তিরস্কারের মাধ্যমে গীবত থেকে ফিরিয়ে রাখতে চাচ্ছেন, স্পষ্টভাবে বুঝিয়ে দিয়েছেন যে, একজন মুসলমান হিসেবে ও ঈমানদার হিসেবে গীবত বলা বা শোনার মত অভিরুচি কোনো মুসলমানের থাকা উচিত নয়।

কারণ গীবত করার অর্থ কেবল “মৃত” “ভাইয়ের” শরীর থেকে গোশত খুলে নেয়ার ব্যাপার নয় বরং গোশত খুলে নিয়ে তা “খাওয়া” বা “ভক্ষণ করা”র মত ঘৃণ্য একটি ব্যাপার। নিজের মৃত ভাইয়ের গোশত খাওয়ার মত রুচি কেবল অসভ্য

জংলী মানুষদেরই হয়ে থাকে। সভ্য মানুষের সমাজে মানুষ হয়ে মানুষের গোশত খাওয়ার কথা শোনা যায় না। বনজঙ্গলে বসবাসকারী কিছু জংলী, অসভ্য, বর্বর মানুষের কথা শোনা যায় যে, তারা "নর-মাংস ভক্ষণকারী"।

সভ্য, ভদ্র, সুশীল ও সামাজিক মানুষের পক্ষে যেমন নিজের মৃত ভাইয়ের গোশত খাওয়া কোনো স্বাভাবিক আচরণ নয়, তেমনি গীবত বলা বা শোনা কোনো মুসলিম ভদ্রলোকের পক্ষে স্বাভাবিক আচরণ নয়। উল্লিখিত আয়াতের ভাষ্য অনুযায়ী গীবত চর্চা করা একটি মারাত্মক কবীরা গুনাহ। বর্ণিত আয়াতটিতে আল্লাহ তা'আলা গীবত করার মত মারাত্মক কবীরা গুনাহ থেকে বিরত থাকতে উদ্বুদ্ধ করেছেন।

মোটকথা গীবতকে একটি হালকা এবং গুরুত্বহীন ব্যাপার বলে মনে করা যাবেনা। প্রকৃতপক্ষে এটা মারাত্মক ক্ষতিকারক একটি বিষয়। এটা তাগুতি শক্তির একটি মারাত্মক অস্ত্র। আপনি লক্ষ্য করে থাকবেন, দুষ্ট লোকজন কীভাবে গীবতকে ব্যবহার করে ছোট-বড় সামাজিক বিশৃঙ্খলা ও কোন্দল সৃষ্টি করে এবং সেসব বিশৃঙ্খলা ও কোন্দল থেকে অবশেষে নিজেরা ফায়দা উদ্ধার করে। আপনার নিজের দেখা এমন অসংখ্য উদাহরণ আপনি খুঁজে বের করতে পারবেন। অতএব, আমরা সকলেই গীবত বলা থেকে তো বটেই এমনকি গীবত শোনা থেকেও সাবধান থাকব ইনশা আল্লাহ। আল্লাহ সবাইকে কবুল করুন আমীন

কোনো গীবতকারীকে আমরা প্রশ্রয় দিব না

আমাদের সমালোচনা অনেকেই করবে কিন্তু আমাদের সেই জওয়াব দেওয়ার সময় নেই । আমরা আমাদের কাজে মনোযোগ দিব যারা জওয়াব দেওয়ার একমাত্র তারাই দিবেন। একথা নিশ্চিত যে, যেই ব্যক্তি আপনার সামনে অন্যের দোষ সম্পর্কে বলে থাকে, কোনো সন্দেহ নেই সেই ব্যক্তি আপনার অনুপস্থিতিতে অন্যের সামনে আপনার দোষও বলাবলি করে থাকে।

তিন. অন্যের প্রতি কু-ধারণা পোষণ করা

পারস্পরিক বিভেদ সৃষ্টি ও ভ্রাতৃত্ব নষ্টের তিন নাম্বার কারণ হচ্ছে- 'অন্যের প্রতি কু-ধারণা পোষণ করা'।

মুসলিম ভ্রাতৃত্বকে দুর্বল ও নিস্তেজ করে দেওয়ার তৃতীয় মৌলিক মাধ্যম হল, এক মুসলমান অপর মুসলমানের প্রতি কু-ধারণা পোষণ করা। পবিত্র কুরআনে

স্পষ্টভাবে কু-ধারণা থেকে বেঁচে থাকতে বলা হয়েছে এবং অমূলক ধারণাকে গুনাহ্ হিসেবে আখ্যা দেওয়া হয়েছে।

আল্লাহ্ তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اجْتَنِبُوا كَثِيراً مِّنَ الظَّنِّ إِنَّ بَعْضَ الظَّنِّ إِثْمٌ

অর্থ: “হে মুমিনগণ! তোমরা অনেক ধারণা থেকে বেঁচে থাক। নিশ্চয় কতক ধারণা গোনাহ”। [সূরা হুজুরাত- ৪৯:১২]

নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন,

إِيّاكُمْ وَالظَّنّ، فَإِنّ الظَّنّ أَكْذَبُ الحَدِيثِ.

অর্থ: “তোমরা কু-ধারণা থেকে বেঁচে থাক। নিশ্চয় কু-ধারণা সবচেয়ে বড় মিথ্যা”। -(সহীহ্ বুখারী, হাদিস: ৫১৪৩)

অন্যান্য মহৎ গুণের পাশাপাশি একজন মুসলিমকে যে বিষয়ে বিশেষ খেয়াল রাখতে হবে তা হল মানুষের প্রতি সুধারণা পোষণ করা। সুধারণা সমাজে কল্যাণ বয়ে আনে, ভ্রাতৃত্ববোধ অটুট রাখে। সুচিন্তা-সুধারণা আমাদেরকে বিবেকবান উন্নত মানুষে পরিণত করে। প্রত্যেক বিবেকবান মানুষেরই সুধারণামূলক মনোভাব থাকা আবশ্যক। কেননা হাদিসের ভাষ্যমতে অপরের উপর ভাল ধারণা পোষণ করা নেকিতে পরিণত হয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

حُسْنُ الظَّنِّ مِنْ حُسْنِ الْعِبَادَة

অর্থ: “সুন্দর ধারণা সুন্দর ইবাদতের অংশ”। -(আহমাদ হা/৮০৩৬; আবুদাঊদ হা/৪৯৯৩, সনদ হাসান)।

পক্ষান্তরে কু-ধারণা মোটেও কল্যাণ বয়ে আনতে পারে না। মন্দ ধারণা পোষণকারী ব্যক্তি হিংসা-বিদ্বেষ, দ্বন্দ্ব-কলহে ইন্ধন যোগায়। নানান অন্যায়-অসার কথাবার্তার বিস্তার ঘটায়। মন্দ ধারণার বশবর্তী হয়ে মানুষের মনে অসন্তোষের দানা বাঁধতে শুরু করে। মন্দ ধারণার মধ্য দিয়ে মানুষের ভ্রাতৃত্ববোধে চিড় ধরে। ফলে একতার বন্ধন ভেঙ্গে টুকরা টুকরা হয়ে যায়। এজন্যই আমাদের জন্য অপর মুসলিম ভাই সম্পর্কে সদা-সর্বদা সুধারণা পোষণ করা আবশ্যক।

মহান আল্লাহ ইরশাদ করেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اجْتَنِبُوا كَثِيرًا مِنَ الظَّنِّ إِنَّ بَعْضَ الظَّنِّ إِثْمٌ وَلَا تَجَسَّسُوا وَلاَ يَغْتَبْ بَعْضُكُمْ بَعْضًا أَيُحِبُّ أَحَدُكُمْ أَنْ يَأْكُلَ لَحْمَ أَخِيهِ مَيْتًا فَكَرِهْتُمُوهُ وَاتَّقُوا اللهَ إِنَّ اللهَ تَوَّابٌ رَحِيمٌ-

অর্থ: "হে মুমিনগণ! তোমরা অনেক ধারণা থেকে বেঁচে থাক। নিশ্চয় কতক ধারণা গোনাহ। এবং (কারো) গোপনীয় বিষয় সন্ধান করো না। তোমাদের কেউ যেন কারও পশ্চাতে নিন্দা না করে। তোমাদের কেউ কি তার মৃত ভ্রাতার মাংস ভক্ষণ করা পছন্দ করবে? বস্তুতঃ তোমরা তো একে ঘৃণাই কর। আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ তওবা কবুলকারী, পরম দয়ালু"। [সূরা হুজুরাত ৪৯:১২]

মন্দ ধারণা ও অতিরিক্ত ধারণা থেকেই হিংসা-বিদ্বেষের সৃষ্টি হয়। আর হিংসা-বিদ্বেষ থেকে অন্যায়ের জন্ম হয়। অনেক ক্ষেত্রে আমরা সুধারণার পরিবর্তে কু-ধারণাকে প্রাধান্য দিতে পছন্দ করি। অপর মুসলিম ভাইয়ের মানহানি করি, তার মান-মর্যাদা নিয়ে টানাহেঁচড়া করি। অথচ এগুলো অনুচিত কাজ। যারা মুজাহিদ হওয়ার স্বপ্ন দেখি, তাদের ক্ষেত্রে তো এগুলো কল্পনা করাও অসম্ভব। হাদিসে সংশয়-সন্দেহ থেকে দূরে থেকে পরস্পরের প্রতি সুধারণা পোষণ করতে বলা হয়েছে। মিথ্যা ও অনুমান ভিত্তিক বাগাড়ম্বর, বাকপটুতা তো দূরের কথা, অন্তরে মন্দ ধারণার বশবর্তী হতেও নিষেধ করা হয়েছে।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

إِيَّاكُمْ وَالظَّنَّ، فَإِنَّ الظَّنَّ أَكْذَبُ الْحَدِيثِ، لاَ تَجَسَّسُوا، وَلاَ تَحَسَّسُوا، وَلاَ تَبَاغَضُوا، وَكُونُوا عِبَادَ اللهِ إِخْوَانًا'

অর্থ: "তোমরা ধারণা থেকে বেঁচে থাক। কারণ, ধারণা ভিত্তিক কথাই হল সবচেয়ে বড় মিথ্যা কথা। তোমরা একে অপরের দোষ অনুসন্ধান কর না। পরস্পর হিংসা-বিদ্বেষ কর না এবং পরস্পর দুশমনি কর না, বরং তোমরা পরস্পর ভাই ভাই হয়ে যাও হে আল্লাহর বান্দারা"। -(বুখারী হা/৪৮৪৯, ৫১৪৩)

ধারণার প্রকারভেদ

আল্লামা যামাখশারী রহ. ধারণাকে তিন ভাগে ভাগ করেছেন। যেমন- ১. সুধারণা ২. কু-ধারণা ও ৩. বৈধ ধারণা। এবার আসুন প্রত্যেক প্রকারের হুকুম জেনে নিই।

১. সুধারণা

সুধারণা পোষণ করা ওয়াজিব - তা হল আল্লাহর প্রতি সুধারণা পোষণ করা। জাবের রা. হতে বর্ণিত তিনি বলেন, আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তাঁর মৃত্যুর তিনদিন পূর্বে বলতে শুনেছি যে, তিনি বলেছেন,

لاَ يَمُوتَنَّ أَحَدُكُمْ إِلاَّ وَهُوَ يُحْسِنُ الظَّنَّ بِاللهِ عَزَّوَجَلَّ

অর্থ: "তোমাদের কেউ যেন আল্লাহর প্রতি সুধারণা পোষণ ব্যতীত মৃত্যুবরণ না করে"। -(মুসলিম হা/২৮৭৭)

এই হাদিস থেকে বুঝা যায় যে, মুমিনদের প্রতি অপরাপর মুমিনদেরও সুধারণা পোষণ করা ওয়াজিব।

২. কু-ধারণা

কু-ধারণা করা হারাম। আল্লাহ তা'আলার প্রতি এবং মুসলিমদের বাহ্যিক কাজকর্মের উপর কু-ধারণা বা মন্দ ধারণা সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

"তোমরা ধারণা করা থেকে বেঁচে থাক"। -(বুখারী হা/৬০৬৪)

৩. বৈধ ধারণা:

"যে ব্যক্তি মন্দ কর্ম সম্পাদনে অত্যধিক পটু, তার মন্দ কাজ-কর্ম প্রকাশ্যে ধরা পড়ে ও মানুষের নিকট মন্দ বলেই সে পরিচিত; এরূপ মানুষ সম্পর্কে খারাপ ধারণা করা হারাম নয়, বরং বৈধ"। -(ছান'আনী, সুবুলুস সালাম ৪/১৮৯)

সুধারণা পোষণের কিছু প্রক্রিয়া

এবার আসুন সুধারণা পোষণের কিছু প্রক্রিয়া নিয়ে আলোচনা করা যাক। সুধারণা তৈরিকরণের কতিপয় উপায় রয়েছে, যেগুলো মানুষের মনে পারস্পরিক ভাল ধারণা সৃষ্টিতে সহায়ক হবে ইনশাআল্লাহ।

সুধারণা তৈরিকরণের কতিপয় উপায় নিম্নে তুলে ধরা হল:

১. দো'আ করা:

দো'আ হল সকল কল্যাণের মূল উৎস। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর কাছে 'ক্বালবে সালীম' তথা সুস্থ আত্মার জন্য শাদ্দাদ বিন আওস (রা.)-কে দো'আ শিখিয়েছিলেন।

শাদ্দাদ বিন আওস (রা.) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বললেন, "হে শাদ্দাদ বিন আওস! তুমি যখন মানুষকে সোনা-রূপা জমা করতে দেখবে তখন এই কথাগুলো বেশি বেশি বল,

اَللَّهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ الثَّبَاتَ فِيْ الأَمْرِ، والعَزِيْمَةَ عَلَى الرُّشْدِ، وأَسْأَلُكَ مُوْجِبَاتِ رَحْمَتِكَ، وَعَزَائِمَ مَغْفِرَتِكَ، وَأَسْأَلُكَ شُكْرَ نِعْمَتِكَ، وَحُسْنَ عِبَادَتِكَ، وَأَسْأَلُكَ قَلْباً سَلِيْماً، وَلِسَاناً صَادِقاً، وَأَسْأَلُكَ مِنْ خَيْرِمَا تَعْلَمُ، وَأَعُوْذُ بِكَ مِنْ شَرِّمَا تَعْلَمُ، وَأَسْتَغْفِرُكَ لِمَا تَعْلَمُ؛ إِنَّكَ أَنْتَ عَلاَّمُ الْغُيُوْبِ.

অর্থ: "হে আল্লাহ! আমি আপনার নিকট কাজের দৃঢ়তা, সৎ পথের উপর অবিচলতা প্রার্থনা করছি; আপনার রহমতের অবশ্যম্ভাবী পরিণতি সম্বলিত ভাল কাজ ও অনুপম ক্ষমা প্রার্থনা করছি। নেয়ামতের শুকরিয়া, উত্তম ইবাদত ও 'ক্বালবে সালীম' তথা সুস্থ আত্মা, সত্যবাদী জিহ্বার জন্য দো'আ করছি, আপনার পরিজ্ঞাত সকল কল্যাণ প্রার্থনা করছি ও অকল্যাণ থেকে আশ্রয় চাচ্ছি এবং যা আপনি জানেন তা থেকে ক্ষমা প্রার্থনা করছি, নিশ্চয়ই আপনি অদৃশ্য সমূহের মহাজ্ঞানী"। -(আহমাদ হা/১৭১১৪; সহীহাহ/৩২২৮)

২. মুসলিম ভাইয়ের প্রতি সর্বাবস্থায় ভাল ধারণা করা:

আমাদের প্রত্যেকেই যদি কোন কথা বা কাজ ঘটার সাথে সাথেই অপর মুসলিম ভাই সম্পর্কে উত্তম ধারণা করি, তবে যে কোন পরিস্থিতিতে আমাদের অন্তরাত্মা সুধারণা পোষণ করতে বাধ্য থাকবে। এমনই একটি ঘটনার বৃত্তান্ত আল্লাহ তা'আলা কুরআনে উল্লেখ করেছেন। আয়েশা রা.-এর উপর যখন অপবাদ আরোপ করা হল, তখন মুমিনদের উচিৎ ছিল মুনাফিকদের খপ্পরে না পড়ে উক্ত অপবাদ শ্রবণের প্রথম ধাপেই তাঁদের উপর সুধারণা পোষণ করা।

আল্লাহ তা'আলা বলেন:

لَوْلَا إِذْ سَمِعْتُمُوهُ ظَنَّ الْمُؤْمِنُونَ وَالْمُؤْمِنَاتُ بِأَنْفُسِهِمْ خَيْرًا وَقَالُوا هَذَا إِفْكٌ مُبِينٌ

অর্থ: "যখন তোমরা একথা শুনলে তখন মুমিন পুরুষ ও মুমিন নারীগণ নিজেদের বিষয়ে কেন ভাল ধারণা করেনি এবং বলেনি যে, এটা সুস্পষ্ট অপবাদ?" [সূরা নূর ২৪;১২]

৩. কথা শ্রবণের সাথে সাথে সেটাকে উত্তমভাবে গ্রহণ করা:

সালফে সালেহীনের কর্মপদ্ধতি ছিল যে, তারা কোন কথা শোনামাত্রই সেটাকে খারাপ অর্থে না নিয়ে উত্তমভাবে গ্রহণ করতেন।

হযরত উমর ইবনুল খাত্ত্বাব রা. বলেন,

وَلَا تَظُنَّنَّ بِكَلِمَةٍ خَرَجَتْ مِن امْرِئٍ مُسْلِمٍ شَرًّا وَأَنْتَ تَجِدُ لَهُ فِي الْخَيْرِ مَحْمَلًا

অর্থ: "তোমার ভাইয়ের ভিতর থেকে যে কথা বের হয়েছে, তাকে তুমি খারাপ অর্থে নিবে না। বরং কোন কথা শোনামাত্রই উত্তমভাবে নিবে"। -(বায়হাক্বী, শু'আবুল ঈমান হা/৭৯৯২; জামেউল আহাদীছ হা/৩১৬০৪)

ইমাম শাফেঈ রহ. অসুস্থ হলে তার কতিপয় ভাই তাকে দেখতে এসে তাকে বলেন, "আল্লাহ আপনার দুর্বলতাকে শক্তিশালী করুন। ইমাম শাফেঈ রহ. বলেন, আল্লাহ যদি আমার দুর্বলতাকে শক্তিশালীর স্থায়িত্ব দেন, তবে তো আমার মৃত্যু হবে! তিনি বললেন, আল্লাহর শপথ, আমি কল্যাণ ছাড়া কিছুই কামনা করিনি। তখন ইমাম শাফেঈ রহ. বলেন, আপনি যদি আমাকে গালিগালাজও করতেন,

